



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-০৫

১৮ ফাল্গুন, ১৪২৭
তারিখ : -----
০৩ মার্চ, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

চলচ্চিত্র শিল্পের হারানো ঐতিহ্য ফিরিয়ে আনার লক্ষ্যে বিদ্যমান সিনেমা হলগুলো সংস্কার ও আধুনিকায়ন এবং নতুন সিনেমা হল নির্মাণের উদ্দেশ্যে স্বল্প সুদে দীর্ঘ মেয়াদী ঋণ/বিনিয়োগ প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক একটি বিশেষ পুনঃঅর্থায়ন স্কিম (Refinance Scheme) গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৪, তারিখঃ ১৪ ফেব্রুয়ারি, ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। তফসিলি ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংক হতে উপরিলিখিত সার্কুলারে বর্ণিত মেয়াদের মধ্যে (৩১ মার্চ, ২০২২) পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের লক্ষ্যে নিম্নোক্ত অনুসরণীয় নীতিমালা জারি করা হলোঃ

ক) বর্ণিত স্কিমের অধীনে আগ্রহী তফসিলি ব্যাংক কর্তৃক পুনঃঅর্থায়ন গ্রহণের জন্য বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর সাথে একটি অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদন করতে হবে।

খ) এই স্কিমের আওতায় গ্রাহকের অনুকূলে চূড়ান্ত ঋণ মঞ্জুরির পূর্বে সংশ্লিষ্ট তফসিলি ব্যাংক সংযোজনী-ক এর মাধ্যমে ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর নিকট থেকে তহবিল লভ্যতার বিষয়ে নিশ্চিত হবে।

গ) তহবিল লভ্যতার বিষয়ে নিশ্চিত হয়ে তফসিলি ব্যাংক কর্তৃক গ্রাহকের অনুকূলে ঋণ মঞ্জুরি ও বিতরণ সম্পন্ন করে সংযোজনী-খ এর মাধ্যমে ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর নিকট পুনঃঅর্থায়নের জন্য আবেদন করতে হবে।

ঘ) তফসিলি ব্যাংক কর্তৃক প্রতিটি গ্রাহকের জন্য পরিমাণ নির্বিশেষে বাংলাদেশ ব্যাংক হতে গৃহীত প্রথম কিস্তির তারিখ হতে সংশ্লিষ্ট গ্রাহকের বিপরীতে পুনঃঅর্থায়নের মেয়াদ ও গ্রেস পিরিয়ড হিসাবায়ন করা হবে। এক্ষেত্রে পুনঃঅর্থায়নের অর্থ প্রথম কিস্তির মেয়াদ হতে এক বছর সময়সীমার মধ্যে ব্যবহার নিশ্চিত করতে হবে।

ঙ) গ্রেস পিরিয়ড চলাকালীন সময়ে আরোপিত সুদ ঋণের অবশিষ্ট মেয়াদের মধ্যে সমভাবে বন্টনপূর্বক আদায় করা হবে। সুদসহ পুনঃঅর্থায়নের অর্থ ২৮টি ত্রৈমাসিক কিস্তিতে বাংলাদেশ ব্যাংক, মতিঝিল অফিসে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংকের টাকা চলতি হিসাব বিকলনের মাধ্যমে আদায় করা হবে।

চ) স্কিমের আওতায় গৃহীত অর্থ মেয়াদপূর্ব সম্পূর্ণ সমন্বয়ের ক্ষেত্রে কোন অতিরিক্ত অর্থ কর্তন করা হবে না এবং তফসিলি ব্যাংকও গ্রাহকের নিকট হতে এরূপ ক্ষেত্রে কোন অতিরিক্ত অর্থ আদায় করতে পারবে না। ব্যাংক কর্তৃক আংশিক সমন্বয়ের কোন সুযোগ থাকবে না।

ছ) স্কিমের আওতায় গৃহীত অর্থের উপর সাধারণভাবে ত্রৈমাসিক ভিত্তিতে সুদ আরোপ ও আদায় করা হবে। তবে, মেয়াদপূর্ব সমন্বয়ের ক্ষেত্রে ত্রৈমাসিক ভগ্নাংশের জন্য বাংলাদেশ ব্যাংকের হিসাবে অর্থ জমা হওয়ার পূর্বদিন পর্যন্ত দৈনিক ভিত্তিতে সুদ আদায় করা হবে।

৩। পুনঃঅর্থায়নের আবেদনের সাথে নিম্নোক্ত দলিলাদি দাখিল করতে হবেঃ

ক) বিতরণকৃত ঋণ/বিনিয়োগের সদ্যবহার নিশ্চিতকল্পে এতদুদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক/সংশ্লিষ্ট তফসিলি ব্যাংকের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের গ্রাহকের সংশ্লিষ্ট ব্যবসা প্রতিষ্ঠান বা স্থাপনা সরেজমিনে পরিদর্শনের ক্ষেত্রে সহযোগিতার বিষয়ে গ্রাহকের নিকট হতে গৃহীত অঙ্গীকারনামা।

খ) প্রতিটি গ্রাহকের বিপরীতে পুনঃঅর্থায়নের ক্ষেত্রে প্রাপ্যতা অনুযায়ী সম্পূর্ণ আসলসহ সুদের পরিমাণের উপর সংযোজনী-গ অনুযায়ী Demand Promissory Note।

গ) ঋণ মঞ্জুরীর বিষয়ে সংশ্লিষ্ট মঞ্জুরকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তসহ চিফ রিস্ক অফিসার এর সম্মতিপত্রের অনুলিপি ও মঞ্জুরিপত্র।

ঘ) গ্রাহকের সর্বশেষ সিআইবি প্রতিবেদনের অনুলিপি।

ঙ) অর্থ বিতরণের প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট গ্রাহকের ব্যাংক হিসাবের সত্যায়িত অনুলিপি।

৪। বাংলাদেশ ব্যাংকের সাথে বর্ণিত স্কিমের অধীনে অংশগ্রহণ চুক্তি স্বাক্ষরকারী ব্যাংককে প্রতি ত্রৈমাসিক অন্তে চতুর্থ মাসের ১৫ দিনের মধ্যে গ্রাহকের ব্যবসার সর্বশেষ পরিস্থিতি (প্রকল্প বাস্তবায়নের অবস্থা, ব্যবসায়ের আয় পরিস্থিতি এবং ব্যাংকের দায় পরিশোধ ইত্যাদি) সম্বলিত একটি প্রতিবেদন ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এ দাখিল করতে হবে।

৫। বিআরপিডি সার্কুলার নং-০৪, তারিখ: ১৪ ফেব্রুয়ারি, ২০২১ এর অন্যান্য শর্ত ও নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আনোয়ারুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন নং : ৯৫৩০০৯৩

সূত্রঃ

তারিখঃ

মহাব্যবস্থাপক

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

প্রিয় মহোদয়,

বিআরপিডি সার্কুলার নং-০৪/২০২১ এর আওতায় পুনঃঅর্থায়ন তহবিলের লভ্যতা নিশ্চিতের আবেদন।

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ১৪ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৪/২০২১ এর মাধ্যমে গঠিত বিশেষ পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় আমাদের ব্যাংক হতে নিম্নোক্ত গ্রাহকের অনুকূলে ঋণ মঞ্জুরির সিদ্ধান্ত প্রক্রিয়াধীন রয়েছে।

এমতাবস্থায়, তহবিলের লভ্যতার নিশ্চয়তা সাপেক্ষে পরবর্তী কার্যক্রম সম্পাদন করা হবে বিধায় বিআরপিডি সার্কুলার নং-০৪/২০২১ এ বর্ণিত পুনঃঅর্থায়ন স্কিম হতে বর্ণিত গ্রাহকের অনুকূলে মোট ----- টাকা (কথায় -----) পুনঃঅর্থায়ন তহবিলের লভ্যতা সম্পর্কে নিশ্চিত করার জন্য আপনাদের অনুরোধ জানানো হলো।

গ্রাহকের নামঃ-

গ্রাহক কর্তৃক প্রার্থিত ঋণের পরিমাণঃ-

ব্যাংক কর্তৃক প্রাথমিকভাবে বিবেচ্য ঋণের পরিমাণঃ-

আপনাদের বিশ্বস্ত,

(-----)

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী/বিদেশী ব্যাংকের ক্ষেত্রে

বাংলাদেশ অপারেশনের প্রধান

ফোন নংঃ

ই-মেইলঃ

সূত্রঃ

তারিখঃ

মহাব্যবস্থাপক

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

প্রিয় মহোদয়,

বিআরপিডি সার্কুলার নং-০৪/২০২১ এর আওতায় পুনঃঅর্থায়ন প্রাপ্তির আবেদন।

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ১৪ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৪/২০২১ এর আওতায় আপনাদের ----- তারিখের পত্র নং ----- এর প্রেক্ষিতে “----- (গ্রাহকের নাম)” এর অনুকূলে ----- তারিখে ----- টাকা ঋণ বিতরণ/বিনিয়োগ করা হয়েছে। আলোচ্য ঋণ/বিনিয়োগ বিতরণে উক্ত সার্কুলারে উল্লিখিত সকল নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হয়েছে।

এমতাবস্থায়, বিআরপিডি সার্কুলার নং-০৪/২০২১ এ বর্ণিত পুনঃঅর্থায়ন স্কিম হতে অত্র ব্যাংকের অনুকূলে মোট ----- টাকা (কথায় -----) পুনঃঅর্থায়ন প্রদান করার জন্য আপনাদের অনুরোধ জানানো হলো।

আপনাদের বিশ্বস্ত,

(-----)

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী/বিদেশী ব্যাংকের ক্ষেত্রে

বাংলাদেশ অপারেশনের প্রধান

ফোন নংঃ

ই-মেইলঃ

Demand Promissory Note

Amount: Taka.....

Date:

For value received,

We, (Name of the Bank), Borrower,
promise to pay to BANGLADESH BANK or by order of the BANGLADESH BANK the sum of
Taka (both in figure and in words), with 1.5% interest/profit thereon
calculated quarterly from the date of receipt of the value under the Refinance scheme created as
per instruction given by BRPD Circular No-04/2021.

(Signature of the Managing Director/CEO of the Bank with SEAL)

Name: